# সূচিপত্র

১.০। ভূমিকা ---------- ১-২
২.০। উদ্দেশ্য ---------- ৩
৩.০। লক্ষ্য ---------- ৩
৪.০। পরিধি ---------- ৩
৫.০। তথ্যসূত্র ---------- ৩
৬.০। মানদণ্ডের কাঠামো---------- ৪
৭.০। শব্দ অর্থ বা সংজ্ঞা ---------- ৪

**৮.০। নিরাপদ খাদ্য মডিউল**

৮.১। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা ---------- ৮
৮.২। বংশ বিস্তারের উপাদান: বপন/রোপণ সামগ্রী---------- ৮
৮.৩। কৌলিতাত্ত্বিকভাবে রূপান্তরিত জীব (GMO) ---------- ৮
৮.৪। সার এবং মাটির উপযোগ (উদ্ভিদ পুষ্টি ব্যবস্থাপনা) ---------- ৯
৮.৫। পানি ---------- ৯
৮.৬। রাসায়নিক দ্রব্য (উদ্ভিদ সংরক্ষণ উপাদান অথবা কৃষিজ ও অকৃষিজ রাসায়নিক দ্রব্য): ---- ১০
৮.৭। ফসল সংগ্রহ এবং সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা ---------- ১১
৮.৮। সন্ধানযোগ্যতা ও পণ্য প্রত্যাহার ---------- ১২
৮.৯। প্রশিক্ষণ ---------- ১২
৮.১০। ডকুমেন্ট এবং রেকর্ডস ----------১৩
৮.১১। পদ্ধতিসমূহের পর্যালোচনা ----------১৩

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

৮.১২। সার এবং মাটির উপযোগসমূহ (উদ্ভিদ পুষ্টি ব্যবস্থাপনা এবং সার ব্যবহার): ----------১৩
৮.১৩। রাসায়নিক দ্রব্য: (উদ্ভিদ সংরক্ষণ দ্রব্য অথবা অন্য কৃষিজ/অকৃষিজ রাসায়নিক) ---------১৩

**৯.০। পরিবেশ ব্যবস্থাপনা মডিউল**

৯.১। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা ----------১৬
৯.২। বপন/রোপণ সামগ্রী----------১৬
৯.৩। মাটি এবং মাটি ব্যবস্থাপনা ----------১৬
৯.৪। সার এবং মাটির উপযোগ ----------১৬
৯.৫। পানি ---------- ১৭
৯.৬। রাসায়নিক দ্রব্য (ফসল সংরক্ষণের উপকরণ ও অন্যান্য) ---------- ১৭

৯.৭। বর্জ্য ব্যবস্থাপনা ---------- ১৮
৯.৮। শক্তির দক্ষতা ---------- ১৮
৯.৯। জীববৈচিত্র্য ---------- ১৮
৯.১০। বাতাস/শব্দ ---------- ১৮
৯.১১। প্রশিক্ষণ ---------- ১৮
৯.১২। ডকুমেন্ট এবং রেকর্ডস ---------- ১৮
৯.১৩। চর্চার পর্যালোচনা ---------- ১৯

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

৯.১৪। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা ---------- ১৯

**১০.০। কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ মডিউল**

১০.১। রাসায়নিক ---------- ২২
১০.২। কর্ম পরিবেশ ---------- ২২
১০.৩। ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ---------- ২৩
১০.৪। শ্রমিক কল্যাণ ---------- ২৩
১০.৫। প্রশিক্ষণ ---------- ২৩
১০.৬। ডকুমেন্ট এবং রেকর্ড ---------- ২৩
১০.৭। চর্চার পর্যালোচনা ---------- ২৪

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

১০.৮। শ্রমিক কল্যাণ ---------- ২৪

**১১.০। পণ্যমান মডিউল**

১১.১। গুণগতমান পরিকল্পনা ---------- ২৬
১১.২। বপন/রোপণের সামগ্রী ---------- ২৬
১১.৩। সার এবং মাটির সংযোজন দ্রব্য ---------- ২৬
১১.৪। পানি ---------- ২৬
১১.৫। রাসায়নিক দ্রব্য ---------- ২৬
১১.৬। ফসল সংগ্রহ এবং পণ্য হ্যান্ডলিং ---------- ২৭
১১.৭। সংরক্ষণ এবং পরিবহন ---------- ২৭
১১.৮। সন্ধানযোগ্যতা এবং পণ্য প্রত্যাহার ---------- ২৭
১১.৯। প্রশিক্ষণ ---------- ২৭

১১.১০। ডক্যুমেন্ট এবং **রেকর্ডস** লিখিত বিবরণ---২৭
১১.১১। চর্চার পর্যালোচনা ---২৮

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

১১.১২। রাসায়নিক---২৮
১১.১৩। পণ্য সংগ্রহ এবং হ্যান্ডলিং ---২৮

**১২.০। সাধারণ প্রয়োজনীয়তা মডিউল**

অনুচ্ছেদ এ (খামার পর্যায়)
১২.১ খামার পর্যায়: বিধি সংক্রান্ত---৩০
১২.২ পরিদর্শকের প্রয়োজনীয়তা---৩০
১২.৩ অভিযোগের প্রতিকার---৩০
১২.৪ স্থানের বর্ণনা---৩০
১২.৫ রেকর্ড সংরক্ষণ এবং অভ্যন্তরীণ পরিদর্শন---৩০
১২.৬ যন্ত্রপাতি কার্যক্ষম রাখা ---৩০

অনুচ্ছেদ-বি (দলের শর্তাবলী) ---৩০

১২.৭ আইনী প্রয়োজনীয়তাসমূহ ---৩১
১২.৮ লিখিত চুক্তি---৩১
১২.৯ উৎপাদক রেজিস্টার ---৩১
১২.১০ উৎপাদক দলের কাঠামো ---৩১
১২.১১ দক্ষতা এবং কর্মী প্রশিক্ষণ---৩১
১২.১২ মান ম্যানুয়াল---৩১
১২.১৩ দালিলিক নিয়ন্ত্রণ ---৩২
১২.১৪ অভিযোগ হ্যান্ডলিং---৩২
১২.১৫ অভ্যন্তরীণ নিরীক্ষা ---৩২
১২.১৬ শর্তভঙ্গ/অমান্যতা, সংশোধনমূলক ব্যবস্থাদি এবং নিষেধাজ্ঞা আরোপ ---৩২
১২.১৭ পণ্য সন্ধানযোগ্যতা ও পৃথকীকরণ---৩২
১২.১৮ প্রত্যায়িত পণ্য প্রত্যাহার --- ৩৩
১২.১৯ সাধারণ প্যাক হাউজ --- ৩৩
১২.২০ ক্রেতার সঙ্গে চুক্তি --- ৩৩
১২.২১ সাবকন্ট্রাক্টিং --- ৩৩

# ৮.০। নিরাপদ খাদ্য মডিউল (Food Safety Module)

নিরাপদ খাদ্য মডিউল-এর উদ্দেশ্য হচ্ছে পণ্য উৎপাদন ও সংগ্রহোত্তর পর্যায়ে ক্ষতিকর প্রভাব হ্রাস করা। নিরাপদ খাদ্য উৎপাদনের ঝুঁকিসমূহ নিয়ন্ত্রণে ১৩টি উপাদান (২টি ঐচ্ছিকসহ) ও ৯৮টি উত্তম কৃষি চর্চার (GAP) অনুশীলন (৭টি ঐচ্ছিকসহ) প্রয়োজনীয়তাসমূহের বিভিন্ন সম্মতি মানদন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## ৮.১। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা (Site history and management)

| | | |
|---|---|---|
| ৮.১.১) | নির্বাচিত স্থান এবং পার্শ্ববর্তী জমির ইতিহাস ও মাটির নমুনা বিশ্লেষণপূর্বক উক্ত স্থানে ইতোপূর্বে উৎপাদিত ফসলে প্রয়োগকৃত রাসায়নিক/জীবাণু সার, বালাইনাশক ও জৈবিক দূষক নিরূপণ ও বর্তমান ফসলে সংক্রমণের ঝুঁকি শনাক্তসহ এতদ্‌সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৮.১.২) | কোন স্থানে ঝুঁকি শনাক্ত হলে তা ঝুঁকিমুক্ত/সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ ব্যতীত চাষাবাদ বন্ধ রাখতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৮.১.৩) | ঝুঁকি নিয়ন্ত্রণের সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা হলে মনিটরিং এর মাধ্যমে উৎপাদিত পণ্যে কোনরূপ সংক্রমণ ঘটেনি এতদ্‌সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ৮.২। বংশ বিস্তারের উপাদান: বপন/রোপণ সামগ্রী (Propagule/Planting Material)

| | | |
|---|---|---|
| ৮.২.১) | খামারে বীজ বা চারা উৎপাদনের ক্ষেত্রে সার, অন্যান্য রাসায়নিক ও বালাইনাশক প্রয়োগের কারণসহ ব্যবহারের তারিখ, ট্রেড নাম, কার্যকরী উপাদান, প্রয়োগকারীর নাম, প্রয়োগ পদ্ধতি, পরিমাণসহ সকল বিবরণ লিপিবদ্ধ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৮.২.২) | বীজের গুণগতমান সম্পর্কিত তথ্যাদি/সনদসহ যাবতীয় তথ্যাদি যেমন: জাতের বিশুদ্ধতা, জাতের নাম, ব্যাচ নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও বীজ বিক্রেতার নাম, ঠিকানা ও ক্রয়ের তারিখ সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৮.২.৩) | বীজ, রুট স্টক বা সায়ন নিবন্ধিত নার্সারি (সরকারি/কৃষি সংস্থা/স্বীকৃতিপ্রাপ্ত টিস্যুকালচার ল্যাব) হতে সংগ্রহ করতে হবে যাতে বীজ/চারায় পোকা বা রোগের চিহ্ন দৃশ্যমান না থাকে। | গুরুত্বপূর্ণ |
| ৮.২.৪) | অনুমোদিত মাত্রা ও সুপারিশকৃত পদ্ধতি/প্রযুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট বালাইনাশক (ছত্রাকনাশক, কীটনাশক, জৈব বালাইনাশক এবং রেডিয়েশন) দ্বারা বীজ শোধন করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৮.২.৫) | নার্সারি হতে চারা/বীজ সংগ্রহ করার ক্ষেত্রে খামার/উৎসের নাম এবং সরবরাহের তারিখ সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৮.২.৬) | মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন জাত/ফসল আবাদ করা যাবে না। | অতি গুরুত্বপূর্ণ |

## ৮.৩। কৌলিতাত্ত্বিকভাবে রূপান্তরিত জীব (Genetically Modified Organisms)

| | | |
|---|---|---|
| ৮.৩.১) | GMO ফসল চাষাবাদ/ট্রায়ালের ক্ষেত্রে দেশে বিদ্যমান সকল আইন/নীতিমালা অনুসরণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৮.৩.২) | GMO ফসল উৎপাদন করার ক্ষেত্রে সকল তথ্যাবলী লিপিবদ্ধ রাখতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৮.৩.৩) | GMO ফসল/বীজ উৎপাদনকারী কর্তৃক ক্রেতাকে পণ্যের GMO সম্পর্কিত তথ্যাদি অবহিত করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৮.৩.৪) | GM সামগ্রী (ফসল ও ট্রায়াল) ব্যবস্থাপনায় লিখিত পরিকল্পনা থাকা; সংক্রমণ প্রতিরোধে আকস্মিকভাবে Non-GM ফসলের সঙ্গে মিশ্রণ প্রতিরোধ করা ও GMO পণ্যের স্বকীয়তা বজায় রাখা এবং এ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ১০.২.৩) | কর্মীদেরকে যন্ত্রপাতি, মেশিন, হাতিয়ার এবং এগুলোর ব্যবহার পদ্ধতি সম্পর্কিত নিরাপত্তা নির্দেশনা ম্যানুয়াল সরবরাহ করা, ম্যানুয়াল ব্যবহারের নির্দেশনা প্রদান এবং উপযুক্ত স্থানে সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ১০.৩। ব্যক্তিগত স্বাস্থ্যবিধি (Personal hygiene)

| | | |
|---|---|---|
| ১০.৩.১) | কৃষক এবং কর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্য নিরাপদ ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্যবিধি সম্পর্কে প্রশিক্ষিত করা এবং এ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৩.২) | কর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধির লিখিত নির্দেশনা সরবরাহ এবং উপযুক্ত স্থানে প্রদর্শন করা। | গুরুত্বপূর্ণ |
| ১০.৩.৩) | ছয় মাস অন্তর অন্তর সংশ্লিষ্ট কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করা এবং এ সংক্রান্ত রেকর্ড পাঁচ বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে। | সাধারণ |
| ১০.৩.৪) | শৌচাগার এবং হাত ও শরীর পরিষ্কার রাখার প্রয়োজনীয় উপকরণ/সুবিধা তাৎক্ষণিকভাবে সহজলভ্য এবং স্বাস্থ্যসম্মতভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৩.৫) | নর্দমার বর্জ্য অপসারণ এমনভাবে করতে হবে যাতে কর্মীদের সংক্রমিত হওয়ার ঝুঁকি হ্রাস পায়। | গুরুত্বপূর্ণ |
| ১০.৩.৬) | নিয়োগকারী কর্তৃক স্বাস্থ্য সুবিধা প্রদান এবং স্বাস্থ্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৩.৭) | গৃহপালিত বা খামারের প্রাণী যাতে উৎপাদন, হ্যান্ডলিং, প্যাকিং ও মজুদ এলাকায় প্রবেশ করতে না পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ১০.৪। শ্রমিক কল্যাণ (Worker welfare)

| | | |
|---|---|---|
| ১০.৪.১) | সকল দৃষ্টিকোণ থেকেই কর্মীদের সঙ্গে সমআচরণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৪.২) | লিঙ্গ, বয়স, বর্ণ বা অন্য কোন কারণে কর্মীদেরকে বৈষম্য বা বঞ্চিত করা যাবে না। | গুরুত্বপূর্ণ |
| ১০.৪.৩) | কর্মীদের আবাসস্থল বাসযোগ্য হওয়া এবং মৌলিক সুযোগ সুবিধা যেমন: খাদ্য সংরক্ষণের পরিষ্কার স্থান, খাবারের আলাদা স্থান, হাত ধোয়ার ব্যবস্থা এবং পানীয় জলের সুব্যবস্থা থাকা ও যথাযথ শৌচাগার ও পয়নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৪.৪) | কর্মীর সর্বনিম্ন বয়স, শ্রম ঘন্টা ও সর্বনিম্ন মজুরী দেশের সংশ্লিষ্ট আইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ১০.৫। প্রশিক্ষণ (Training)

| | | |
|---|---|---|
| ১০.৫.১) | কর্মীদেরকে স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে অবহিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৫.২) | কর্মীদেরকে পরিবহন, যন্ত্রাংশ ও যন্ত্রপাতি চালনা, দুর্ঘটনা ও জরুরি প্রতিকার, রাসায়নিকের নিরাপদ ব্যবহার এবং ব্যক্তিগত পরিচ্ছন্নতার ওপর প্রশিক্ষণ প্রদান পূর্বক জ্ঞান বৃদ্ধি করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৫.৩) | বছরে কমপক্ষে একবার প্রশিক্ষণের প্রয়োজনীয়তার বিষয়গুলি পর্যালোচনা করতে হবে। | সাধারণ |

## ১০.৬। ডকুমেন্ট এবং রেকর্ডস (Documents and records)

| | | |
|---|---|---|
| ১০.৬.১) | সকল চর্চার রেকর্ড অন্তত: দুই বছর সংরক্ষণ করতে হবে, তবে দেশের আইন অনুযায়ী বা ক্রেতার প্রয়োজনে তা অধিক সময় সংরক্ষণ করা যেতে পারে। | গুরুত্বপূর্ণ |
| ১০.৬.২) | মেয়াদোত্তীর্ণ ডকুমেন্ট বাতিল করে শুধু হালনাগাদ ডকুমেন্ট ব্যবহার করতে হবে। | গুরুত্বপূর্ণ |

